

ভাসা ফাউন্ডেশন করোনায় ক্ষতিগ্রস্তদের মারো ক্ষুদ্রঋণ বিতরণ

চট্টগ্রাম অফিস : করোনাকালীন সংকটে নিম্ন আয়ের পেশাজীবী, কৃষক ও প্রান্তিক ক্ষুদ্র ব্যবসায়ীদের মারো ক্ষুদ্রঋণ ও ক্ষুদ্র উদ্যোগ ঋণ বিতরণ করা হয়েছে। বাংলাদেশ মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটির সনদধারী ক্ষুদ্রঋণ বিতরণকারী বেসরকারি প্রতিষ্ঠান ডোলেন্টারি একটিভিটিস ফর সোশ্যাল এন্ড হিউম্যান এডভান্সমেন্ট ফাউন্ডেশন (ভাসা) এই ক্ষিমের আওতায় চট্টগ্রামের ৬টি থানা ও উপজেলায় আনুষ্ঠানিকভাবে গতকাল বুধবার এই ক্ষুদ্রঋণ বিতরণ শুরু করে। বাংলাদেশ ব্যাংকের সহায়তায় এতে অর্থায়ন করছে বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড জুবিলী রোড শাখা।

ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানগুলোর জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষিত কোভিড-১৯ প্রণোদনা প্যাকেজের আওতায় ভাসা ফাউন্ডেশন ক্ষুদ্রঋণ বিতরণ করে। নগরীর কর্ণেলহাটে অবস্থিত ভাসা ফাউন্ডেশনের প্রধান কার্যালয়ে ঋণ বিতরণ অনুষ্ঠানে বক্তব্য রাখেন ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক পরিমল কান্তি পাল, কমার্স ব্যাংক লিমিটেড জুবিলী রোড শাখার ব্যবস্থাপক মোহাম্মদ আরিফ উদ্দীন, ক্রেডিট ইনচার্জ মো. শাহ নেওয়াজ, এ কে খান মোড় শাখার ব্যবস্থাপক এম এম আমির হোসাইন প্রমুখ।

বক্তারা বলেন, করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে বিশ্বের বিভিন্ন দেশের ন্যায় বাংলাদেশের অর্থনৈতিক কর্মকাণ্ড বাধাগ্রস্ত হচ্ছে। ফলে নিম্ন আয়ের পেশাজীবী, কৃষক ও প্রান্তিক ক্ষুদ্র ব্যবসায়ীরা তাদের আয় উৎসারী কর্মকাণ্ড পরিচালনা করতে পারছেন না। দেশের অর্থনীতিতে ভূমিকা রাখতে এই উদ্যোগ নেয়া হয়েছে। এ ধরনের আর্থিক অন্তর্ভুক্তিমূলক ক্ষুদ্রঋণ কার্যক্রমের মাধ্যমে করোনা ভাইরাসের কারণে ক্ষতিগ্রস্ত প্রান্তিক জনগোষ্ঠীর অর্থনৈতিক কর্মকাণ্ড সচল রাখা সম্ভব হবে বলে আশা করেন বক্তারা।